# কলকাতা ও জেলার খবর

## হিন্দমোটর প্রতিবেশীরা মারধর করায় আত্মঘাতী যুবক, গ্রেপ্তার ৮

দুরন্তবার্তা, হুগলি, ১৪ সেপ্টেম্বর ঃ প্রতিবেশিরা মারধোর করায় অপমানে আত্মঘাতী যুবক! স্ত্রীর অস্বাভাবিক মৃত্যুতে তাঁর বিরুদ্ধে অভিযোগ ছিলো।জেল থেকে ফিরতেই এই ঘটনা। হিন্দমোটর সুকান্ত সরণীতে কুন্তল বোস(৩৩) নামে এক যুবক আত্মঘাতী হন রবিবার। যুবককে মারধোর ও আত্মহত্যার প্ররোচনা দেওয়ার অভিযোগ ওঠে বেশ কয়েকজনের বিরুদ্ধে। আড়াই মাস আগে কুন্তল বোসের স্ত্রীর অস্বাভাবিক মৃত্যু হয়।কুন্তলের জন্যই তাঁর স্ত্রীর মৃত্যু হয় বলে প্রতিবেশিদের অভিযোগ ছিলো।সেই ঘটনায় গ্রেফতার হন যুবক।দিন কুড়ি আগে জেল থেকে ছাড়া পেলে রবিবার সন্ধ্যায় বাড়ি ফেরে।বাড়ি ফিরতেই প্রতিবেশিরা তার উপর চড়াও হয়।বাড়িতে ভাঙচুর করার পাশাপাশি চলে মারধোর।পাশেই থাকেন কুন্তলের দিদি তাকেও হেনস্থা করা হয়,তাকে একটি ক্লাবের সামনে বসিয়ে রেখে ভাইকে চলে মারধোর।এর পরই ওই যুবক সোশ্যাল মিডিয়ায় ঘটনার ভিডিও আপলোড করে ঘরে গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হন।মৃতের দিদি স্নিগ্ধা দাশগুপ্ত উত্তরপাড়া থানায় প্রতিবেশিদের নামে অভিযোগ দায়ের করেন।তিনি বলেন, স্থানীয় কয়েকজন বিজেপি নেতার উপস্থিতিতে এই ঘটনা ঘটে।উত্তরপাড়ার বিধায়ক তৃনমূল নেতা প্রবীর ঘোষাল জানান,তার কাছেও অভিযোগ এসেছে ওই যুবক ও তার দিদিকে মারধোর হেনস্থার পিছনে বিজেপি রয়েছে।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শুরু হল মিড সেমেস্টার

দুরন্তবার্তা, কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ সোমবার থেকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শুরু হল কলা ও বিজ্ঞান বিভাগের মিড সেমেস্টারের পঠনপাঠন। ইঞ্জিনিয়ারিং বিভাগে ক্লাস শুরু হবে ২৫ সেপ্টেম্বর। বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, 'ডিজিটাল টেকনোলজির মাধ্যমে ডিসট্যান্স মোডে' ছাত্রছাত্রীদের পড়ানো হবে। বেসরকারি স্কুল বা কলেজের মতো রিয়েল টাইম অনলাইন টিচিং অর্থাৎ ৩-৪ ঘণ্টা ধরে টানা অনলাইন ক্লাস হবে না। পড়ুয়াদের জন্য একটা ডিজিটাল প্ল্যাটফর্ম তৈরি হয়েছে। এই প্ল্যাটফর্মে আপলোড করা থাকবে শিক্ষক-শিক্ষিকাদের লেকচার নোটস, পড়াবার ভিডিও, বইয়ের পিডিএফ ও অন্যান্য স্টাডি মেটিরিয়াল। যে সব ছাত্রছাত্রীদের পর্যাপ্ত ইন্টারনেট পরিষেবা বা স্মার্টফোন নেই, তাদের শীঘ্রই মোবাইল ফোন বিলি করা হবে। তার আগে দুঃস্থ ছাত্রছাত্রীদের মোবাইল ফোনের পাশাপাশি ডেটার খরচও দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয়। ছাত্রছাত্রীরা নিজেদের সুবিধা মতো ডিজিটাল প্লাটফর্ম থেকে প্রয়োজনীয় জিনিস ডাউনলোড করে নিতে পারবে। কাজেই টানা ক্লাস করার মতো ডেটা খরচ হবে না। হোয়াটসঅ্যাপ বা মেলেও শেয়ার করা যাবে সমস্ত তথ্য। এখনও পর্যন্ত সম্পূর্ণ বন্ধ রয়েছে রাজ্যের সরকারি নানা বিশ্ববিদ্যালয়ের পঠনপাঠন। কোথাও পরীক্ষা অসমাপ্ত রয়েছে, কোথাও সিলেবাস শেষ হয়নি। কোনও কোনও বেসরকারি কলেজে অনলাইন ক্লাস শুরু হলেও এই পরিস্থিতিতে যাদবপুর ক্লাশ শুরু করতে পারল। শাক্ষক সংগঠন'জুটা'র সাধারণ সম্পাদক পার্থ প্রতিম রায় বলেন, কলা, বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং বিভাগে যে সমস্ত ছাত্রছাত্রীর স্মার্টফোন ও ডেটা প্যাক নেই তাদের খুব তাড়াতাড়ি বিশ্ববিদ্যালয়ের তরফে স্মার্টফোন ও ডেটা প্যাক দেওয়া হবে। তিনি বলেন, প্রথম দফায় ১০০ জন দুঃস্থ পড়ুয়াকে মোবাইল ফোন দেওয়া হবে। এছাড়া ৪০০ জন পড়ুয়াকে মোবাইলের ডেটা প্যাক দেওয়া হবে।

## হবিবপুররে ব্যক্তির রক্তাক্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য

দুরন্তবার্তা, হবিবপুর, ১৪ সেপ্টেম্বর ঃ হুগলির হবিবপুর থানার শ্রীরামপুর গ্রাম পঞ্চায়েতের খুঁজিপুর গ্রামে ব্যক্তির রক্তাক্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল। সোমবার ওই ব্যক্তির দেহ উদ্ধার করে পুলিশ। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম সুবোধ প্রামাণিক (৪০)। তিনি হবিবপুর থানারই রিশিপুর গ্রাম পঞ্চায়েতের কালীতলা এলাকার বাসিন্দা ছিলেন। তিনি পেশায় কাঠমিস্ত্রি। কালীতলা এলাকায় তাঁর নিজস্ব কাঠের আসবাবপত্র তৈরির দোকান রয়েছে। কাঠ মিস্ত্রির কাজের পাশাপাশি তিনি কৃষিজমিও দেখাশোনা করতেন। রবিবার বিকেলে মোটরবাইকে করে নিজস্ব কৃষি জমি দেখার কথা বলে খুঁজিপুরের উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়েছিলেন ওই ব্যক্তি। তবে রাতে বাড়ি না ফিরে আসায় চিন্তিত হয়ে পড়েন বাড়ির লোকেরা। এদিন সকালে চোরাডাং জঙ্গলের মধ্যে দিয়ে যাওয়া সরু রাস্তার মাঝে তাঁর রক্তাক্ত দেহ উদ্ধার করে পুলিশ। ওই ব্যক্তিকে খুন করা হয়েছে বলে মনে করা হচ্ছে। মৃতদেহের কাছেই পড়েছিল মোটরবাইকটি। পুলিশ সূত্রে খবর, মোটরবাইকটি সুবোধবাবুর মৃতদেহের কাছে পাওয়া গেলেও বাইকটির রেজিস্ট্রেশন অন্য জনের নামে রয়েছে।

## তৎপরতার নজির কলকাতা পুলিশের ফেসবুকে

দুরন্তবার্তা, কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ পার্ক স্ট্রিট থানার এক এএসআইয়ের উদ্যোগে হুগলির এক পরীক্ষার্থীর নিট পরীক্ষা দেওয়া সম্ভব হয়েছে। সোমবার কলকাতা পুলিশের ফেসবুকে জানানো হয়েছে ঘটনাটি। রবিবার ছিল নিট পরীক্ষার দিন। ওই পরীক্ষার্থীপার্ক স্ট্রিটের পরীক্ষাকেন্দ্রে পৌঁছে আবিষ্কার করেন, তাড়াহুড়োতে তিনি বাড়িতেই ফেলে এসেছেন তাঁর পাসপোর্ট সাইজের ছবি এবং আধার কার্ড, যেগুলি ছাড়া কোনওভাবেই পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শুরু হতে তখন খুব বেশি হলে পঁয়তাল্লিশ মিনিট বাকি। পরীক্ষাকেন্দ্রের তত্ত্বাবধায়কদের কাছে তাঁর মরিয়া কাকুতিমিনতি শুনতে পান কাছেই ডিউটিতে থাকা পার্ক স্ট্রিট থানার এএসআই হিমাদ্রি রায়। জানতে চান, ওই পরীক্ষার্থীর কাছে ছবি এবং আধার কার্ডের সফট কপি আছে কিনা। সেই সফট কপি নিজের ফোনে ভরে বাইকে চড়ে বেরিয়ে পড়েন হিমাদ্রিবাবু। পরপর দুটি সাইবার ক্যাফে বন্ধ দেখে তৃতীয় একটি ক্যাফের মালিককে ফোন করে ডেকে এনে ক্যাফে খোলান হিমাদ্রি, যাতে দ্রুত প্রিন্টআউট নেওয়া সম্ভব হয়। আধঘন্টার মধ্যে ফিরে আসেন দুটি কালার প্রিন্টআউট সমেত। পরীক্ষা যথাসময়ে এবং নির্বিঘ্নেই দিতে পারেন ওই পরীক্ষার্থী। পাশেআছিসাধ্যমতো এই ক্যাচলাইনে কলকাতা পুলিশ বিষয়টি প্রচার করেছে ফেসবুকে।

## গয়না চোরকে হাতেনাতে পাকড়াও রিজেন্ট পার্ক থানার পুলিশের

দুরন্তবার্তা, কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ করোনা আতঙ্কে ভুগছে শহর । আতঙ্কের মাঝেই চুরি করার প্রবণতা বেড়ে যাচ্ছে চোরেদের । সোমবার এক গয়না চোরকে পাকড়াও করল রিজেন্ট পার্ক থানার পুলিশ । জানা আছে বেশ কিছুদিন আগে, শ্রীপল্লি এলাকা থেকে চুরি গিয়েছিল বেশ কিছু গয়না । এরপরই অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্তে নামে রিজেন্ট পার্ক থানার পুলিশ । সোমবার অভিযুক্তর বিরুদ্ধে অভিযোগ ছিল সেই গয়না চোরকে পাকড়াও রিজেন্ট পার্ক থানার পুলিশের । অভিযুক্তর দেওয়ার বয়ান অনুসারে ঘটনাস্থল থেকে পুলিশ উদ্ধার করে খোয়া যাওয়া গয়না । ঘটনার সঙ্গে আর কেউ জড়িত কিনা তদন্ত চালাচ্ছে পুলিশ ।

## দুপুর একটা পর্যন্ত নোয়াপাড়া গড়িয়া রুটে মেট্রো যাত্রী সংখ্যা ২২০০০ জন

দুরন্তবার্তা, কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ প্রতীক্ষা শেষে যাত্রী নিয়ে ফের চালু হলো মেট্রো পরিষেবা। করোনা আবহে সোমবার আনলক কলকাতা মেট্রো। কিন্তু অফিস টাইমে হাতেগোনা মেট্রোর যাত্রীসংখ্যা। একগুচ্ছ নিয়ম নীতি মেনে করোনা আবহে যাত্রা শুরু করল মেট্রো। দুপুর একটা পর্যন্ত নোয়াপাড়া গড়িয়া রুটে মেট্রো যাত্রী সংখ্যা ২২০০০ জন। নোয়াপাড়া গড়িয়ার রুটে ১৫ মিনিট অন্তর চলছে মেট্রো। ইস্ট ওয়েস্ট মেট্রো রুটে কুড়ি মিনিট অন্তর চলছে ট্রেন। ইস্ট ওয়েস্ট মেট্রোতে যাত্রীসংখ্যা বৃদ্ধি পেয়েছে। জানা যাচ্ছে, সন্ধ্যে সাতটা পর্যন্ত মিলবে মেট্রো পরিষেবা। করোনা পরিস্থিতিতে যাত্রা করতে গেলে স্টেশনে ঢোকার জন্য অ্যাপ মারফত নিতে হবে ই পাস। যাত্রীদের স্টেশনে ঢোকার আগে তাপমাত্রা দেখা হচ্ছে । সেই তাপমাত্রা ঠিক থাকলে তবেই স্টেশন ঢুকতে দেওয়া হচ্ছে। এমনকি জীবাণুমুক্ত করে তারপরেই ট্রেন ধরার অনুমতি পাচ্ছে যাত্রীরা।

# মেট্রো চালুর দিনেই ভোগান্তি যাত্রীদের

দুরন্তবার্তা,কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ বহু প্রতীক্ষার পর অবশেষে ১৭৬ দিন পর সোমবার ফের চাকা গড়ালো কলকাতা মেট্রোর। কিন্তু করোনা আবহে বেঁধে দেওয়া হয়েছে একাধিক নিয়ম। মেট্রো চালুর প্রথম দিনেই ভোগান্তির শিকার যাত্রীদের। অ্যাপ বুকিং না থাকায় সমস্যায় যাত্রীরা।

করোনা পরিস্থিতিতে যাত্রা করতে গেলে স্টেশনে ঢোকার জন্য অ্যাপ মারফত নিতে হবে ই পাস। তার জন্য প্রযোজেন অ্যান্ড্রয়েড ফোন। এমনকি স্মার্ট কার্ডে রাখতে হবে ব্যালেন্স। কিন্তু মেট্রোতে যাত্রা করবেন এরকম অনেকেরই নেই স্মার্ট ফোন। যাত্রীর কাছে অ্যাপ ডাউনলোড করার মতো উপযুক্ত মোবাইল ফোন নেই। এমন অনেকে আছেন, যাঁদের মোবাইল ফোনটি আধুনিক, কিন্তু মেট্রোয় নিয়মিত যাত্রী নন বলে স্মার্ট কার্ড করাননি। অনেকের স্মার্ট কার্ড আছে,অ্যাপ নেই। অন্যদিকে আবার যাঁদের সব আছে, তাঁরা স্টেশনে এসে অন্যের সাহায্যে অ্যাপ ডাউনলোড করতে গিয়ে দেখলেন মেট্রো সার্ভারটি ডাউন। ফলে প্রথম দিনেই মেট্রো যাতাযাত করতে গিয়ে চরম সমস্যায় যাত্রীরা। অনেকেই মেট্রো যাত্রা



করতে না পেরে বেছে নিলেন অন্য গণপরিবহন। কেউবা ফিরলেন বাড়ি। রবিবার নিট দিয়ে মহড়ার মধ্য দিয়ে মেট্রো পরিষেবা চালু করে আজ থেকে যাত্রী নিয়ে ছোটা আরম্ভ হল মেট্রো র। যদিও বর্তমান পরিস্থিতিতে কলকাতা মেট্রোয় প্রবেশ বেরোনর ক্ষেত্রে নির্দিষ্ট করা হয়েছে গেট। তিনটি স্টেশন ছাড়া বাকি স্টেশনগুলোতে দুটি করে গেট খোলা থাকবে। দমদমে এসপ্ল্যানেডে মেট্রো স্টেশনে খোলা থাকবে চারটি গেট। অন্যদিকে পার্কস্ট্রিটে থাকবে তিনটি। সব স্টেশন মিলিয়ে মোট ২৬ টি গেট খোলা থাকবে। জানা যাচ্ছে সকাল ৯টা থেকে ১১.৩০ এবং বিকেল সাড়ে ৪টে থেকে সন্ধে ৭টা পর্যন্ত আপ এবং ডাউন লাইনে মেট্রো চলবে ১০ মিনিট পরপর। দিনের বাকি সময় মানে সকাল ৮ টা থেকে ৯টা, সাড়ে ১১টা থেকে সাড়ে ৪টে এবং ৭টা থেকে ৮টার মধ্যে ১৫ মিনিট অন্তর মিলবে মেট্রো। ইতিমধ্যেই প্রতি স্টেশনে বসানো হয়েছে স্যানিটাইজেশন যন্ত্র জীবাণুমুক্ত করার জন্য। এমনকি মেট্রো স্টেশনে ঢোকার আগে থার্মাল স্ক্রীনিং করা হবে যাত্রীদের। তাপমাত্রা ঠিক থাকলে তবে ছাড়পত্র মিলছে স্টেশনে ঢোকার।

# নজর কাড়বে দক্ষিণের সুপরিচিত চারটি পুজো

দুরন্তবার্তা, কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ করোনার দাপটে এবার পুজোর উদ্যোক্তাদের সবারই কপালে ভাঁজ। এর মাঝেও নজর কাড়বে সম্মিলনী, বোসপুকুর শীতলা মন্দির, ভবানীপুর দুর্গোৎসব সমিতি ও চক্রবেড়িয়া সার্বজনীন দক্ষিণ কলকাতার সুপরিচিত এই চারটি পুজো।

ভবানীপুরের সম্মিলনীর পুজোর এবার ৬২তম বর্ষ। মূল উদ্যোক্তা সুদীপ্ত বোস এই প্রতিবেদককে জানান, গত বছর বাজেট ১২ লক্ষ টাকা ছিল। এ বছর পূজো অপেক্ষাকৃত ছোট হবে। একচালা ছোট প্রতিমা হবে। পোটোপাড়া থেকে ঠাকুর আসবে। এবার সাবেকিয়ানার ছাপ থাকবে। ঠাকুর হবে ডাকের সাজে। প্যান্ডেল হবে বনেদী বাড়ির ঠাকুর দালান। তার সাথে সামঞ্জস্য রেখে আলোকসজ্জা। পরিকল্পনায় ক্লাবের সভ্য সজল পৃথ্বিশ দীপক প্রমুখ।

কলকাতার নামী পুজো বাইপাস কানেকটরে বোসপুকুর শীতলা মন্দির। ২০১৮ ও ২০১৯ সালে বাজেট ছিল প্রায় ৫০ লক্ষ টাকার মতড এ বছর বাজেট প্রায় এক তৃতীয় অংশডগত বছর প্রতিমা শিল্পী ছিলেন পরিমল পাল। এবার শিল্পী শ্রী গোবিন্দ গিরি ও রঞ্জিত কর্মকার। এ বছর একটু অন্য রকম এর পুজো। তবে ভালই হবে। এর আগে কখনও দেখিনি যে শুধু বাটাম দিয়ে মণ্ডপ হয়েছে।

ভবানীপুর দুর্গোৎসব সমিতির পুজো এবার ৫৫ বছর। সমিতির সাধারণ সম্পাদক শুভঙ্কর রায়চৌধুরী জানান, পুজোর থিম 'কুর্নিশ'। পুজোর মাধ্যমে এবার যে বার্তা দেওয়া হবে, 'যাঁরা রক্ষা করেন, তাঁদের সম্মান করুন'। এই ভাবটা ছড়িয়ে দিতে মন্ডপ এবং আশপাশ সাজানো হবে চিকিৎসক, নার্স বা অন্য স্বাস্থ্যকর্মীর প্রতি শ্রদ্ধা জানিয়ে। করোনার কথা মাথায় রেখে থার্মালগান, মাস্ক প্রভৃতি সব রকম সতর্কতা নেওয়া হবে।

চক্রবেড়িয়া সার্বজনীন দুর্গোৎসবের এবার ৭৫ বছর। সাধারণ সম্পাদক গোড়া রায়চৌধুরী জানান, পুজোর এবারের থিম ভাঙাগড়ার খেলা ঘটে না হোক পটে পুজো হবেই। সৃজনে পূর্ণেন্দু দে, প্রতিমাশিল্পী অর্ধেন্দু দে।

## বেআইনি সামগ্রী বোঝাই ট্রলার ধরল কাস্টমস, আটক ৩ কোটি টাকার জিনিস

দুরন্তবার্তা,কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ সোমবার ভোরে রাজ্যের উপকূলে কাস্টমস একটি বাংলাদেশী ট্রলার আটক করে। সেই ট্রলারে তল্লাশি চালাতেই থরে থরে বেআইনি জিনিস উদ্ধার হয়। এর বাজারদর প্রায় ৩ কোটি টাকা।

সূত্রের খবর, আটক জিনিসপত্রের মধ্যে আছে শাড়ি, নানা রকম জামাকাপড়, প্রশাধনী। গ্রেফতার হয় ট্রলারের চালক প্রাণকান্ত দাস। তার বাড়ি বাংলাদেশে। তাকে জেরা করে কাস্টমসের আধিকারিকেরা জানতে পারেন যে, দক্ষিন ২৪ পরগনার পাথরপ্রতিমা ও রায়দিঘী এবং পূর্ব মেদিনীপুরের মহিষাদল ও খেজুরি দিয়ে চলছে এই চোরাই চক্র। এই চক্রের মাথা রায়দিঘীরই এক কুখ্যাত চোরাচালাকারী। যে এখন একটি রাজনৈতিক দলের সঙ্গে যোগসাজস রাখছে। বাংলাদেশ, ওড়িশা ও পশ্চিমবঙ্গের তিনজন এই চোরাচালান চক্র চালায়।

কিছুদিন আগেই পূর্ব মেদিনীপুরের মহিষাদলে রূপনারায়ণের তীরে হঠাৎ করেই হানা দেয় কাস্টমসের লোকেরা। সেদিন একটি নৌকা থেকে থরে থরে দামি জামদানি, ঢাকাই, তাঁত উদ্ধার হয়। খোলাবাজারের ওই সব শাড়ির দাম ছিল কয়েক লক্ষ টাকা। এবার কার্যত সেই একই কায়দায় ওপার বাংলা থেকে এপার বাংলায় চোরাই জিনিস পাচার করতে গিয়ে কাস্টমসের আধিকারিকদের হাতে ধরা পড়ল ট্রলার। সেই ঘটনায় ট্রালারের মাঝি ইতিমধ্যেই গ্রেফতার হয়েছে।

# নিউটাউনের আইনজীবী খুনে দোষী সাব্যস্ত স্ত্রী অনিন্দিতা

দুরন্তবার্তা, কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ নিউটাউনের আইনজীবী রজতকুমার দের খুনের ঘটনায় তাঁর স্ত্রী অনিন্দিতাকে খুন এবং তথ্য প্রমাণ লোপাটের অভিযোগে দোষী স্যবস্ত করেন। বারাসত আদালতের তৃতীয় ফাস্ট ট্র্যাক আদালতের বিচারক সুজিত কুমার ঝাঁ তথ্য প্রমাণের ভিত্তিতে অনিন্দিতাকে এদিন খুন এবং প্রমাণ লোপাটের অভিযোগে দোষী স্যবস্ত করেন। বুধবার সাজা ঘোষণা করবেন বিচারক।

বিচারক জানান, ময়না তদন্তের রিপোর্ট প্রমাণ করে মোবাইলের চার্জার গলায় পেঁচিয়ে শ্বাসরুদ্ধ করে খুন করা হয়েছিল রজতকে। তার আগে মারধরও করা হয়। রজতের মাথার দু'পাশে আঘাতের চিহ্ন পাওয়া গিয়েছিল ময়নাতদন্তের চূড়ান্ত রিপোর্টে।

২০১৮ সালে ২৪ নভেম্বর এবং ২৫ নভেম্বরের মধ্যবর্তী রাতে নিউটাউনে নিজের ফ্ল্যাটে মৃত অবস্থায় পাওয়া যায় রজত দেকে। তাঁর স্ত্রী অনিন্দিতা প্রথমে দাবি করেন যে তাঁর স্বামী আত্মহত্যা করেছেন। পরে তাঁর বয়ানে নানা অসঙ্গতি দেখা



যায়। কিন্তু নানা কারণে গোড়া থেকেই পুলিশ তাঁর বিরুদ্ধে অভিযোগ আনছিল। অভিযুক্তের তরফে দাবি করা হয়, এটা আত্মহত্যারই ঘটনা। রজতবাবুর দেহে অনেক আঘাতের চিহ্ন মেলে। ময়নাতদন্তে যা আপাত ভাবে অনিন্দিতার করা আত্মহত্যার দাবিকে সমর্থন করে না। পরবর্তীকালে অভিযুক্তর বক্তব্যে নানা অসঙ্গতি এবং পারিপার্শ্বিক তথ্য প্রমাণের ভিত্তিতে পুলিশ অনিন্দিতাকে গ্রেফতার করে।

গত প্রায় সাত মাস ধরে চলা বিচার প্রক্রিয়ায় বিশেষ সরকারি আইনজীবী ছিলেন বিভাস চট্টোপাধ্যায়। এই মামলায় বৈদ্যুতিন তথ্যপ্রমাণই গোটা বিচারে উল্লেখযোগ্য ভূমিকা নেয়। বিভাসবাবু বলেন, ''অনিন্দিতার কাছ থেকে বাজেয়াপ্ত মোবাইল থেকে উদ্ধার তথ্য এই মামলার বিচারে মূল প্রমাণ হিসাবে বিবেচিত হয়েছে। গুগলে সার্চ করা 'লিগেচার মেটিরিয়াল' কথাটি শেষ পর্যন্ত অকাট্য প্রমাণ হয়ে দাঁড়াল খুনের মামলার বিচারে। সেই সঙ্গে অভিযুক্তের মোবাইল থেকে উদ্ধার একের পর এক হোয়াটসঅ্যাপ মেসেজকে প্রমাণ হিসাবে গ্রহণ করে বিচারক অভিযুক্তকে দোষী ঘোষণা করলেন।

## গঙ্গার ঘাটে মহালয়ায় পিতৃতর্পন নিয়ে প্রস্তুতি

দুরন্তবার্তা, কলকাতা, ১৪ সেপ্টেম্বর ঃ মন্দিরের নিজস্ব ঘাটগুলিতে কাউকে তর্পণ করতে দেওয়া হবে না। এমনকি মায়ের মন্দির দুপুর সাড়ে ৩টে পর্যন্ত সেদিন বন্ধ থাকবে। এই সিদ্ধান্তকে ঘিরে ইতিমধ্যেই নানা মহলে তীব্র সমালোচনা শুরু হয়ে গিয়েছে। তর্পনকারীদের জন্য সুখবর গঙ্গার ঘাটে প্রতিবারের মত অনুমতি দেওয়া হবে তর্পনের। সোমবার প্রশাসন সূত্রে এ খবর জানা গিয়েছে।

মহালয়ার দিন ভোর থেকে দক্ষিণেশ্বরে ভিড় জমাতে শুরু করেন হাজার হাজার মানুষ। কেউ আসেন তর্পণের জন্য, কেউ বা মন্দিরে মাতৃদর্শন ও পুজো দিতে। তার জেরে বিকাল ছাড়িয়ে রাত পর্যন্ত লম্বা লাইন পড়ে আয় দক্ষিণেশ্বরে। আর ভোর থেকে বেলা পর্যন্ত দক্ষিণেশ্বরের ঘাটে ঘাটে ভিড় জমান হাজার হাজার মানুষ। কিন্তু এবারে করোনা কালে দক্ষিণেশ্বর মন্দির কমিটি সিদ্ধান্ত নিয়ে নানা মহল থেকেই দক্ষিণেশ্বর মন্দির কমিটিকে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে বলা হয়েছে।

এদিকে, কলকাতা পুলিশ মহালয়ার দিন গঙ্গার ঘাটে ঘাটে তর্পণের ব্যবস্থা রাখবে এই বছরও। তবে সকলকে করোনা বিধি মেনে চলতে হবে। শুরু হয়েছেস্বাস্থ্যবিধি মেনে গঙ্গার ঘাটে মহালয়ায় পিতৃতর্পন নিয়ে প্রস্তুতি। গঙ্গার ঘাটে কেউ যদি একা একা পিতৃতর্পন করতে আসেন তাঁকে বাধা দেওয়ার কোনও আইন বা নির্দেশ প্রশাসনের কাছে নেই।

সূত্রের খবর, প্রতিটি তর্পনকারী পরস্পরের থেকে ছয় ফুট দূরত্ব মেনে বসে বা দাঁড়িয়ে পূর্বপুরুষের উদ্দেশে মন্ত্রোচ্চারণ করবেন। পুরোহিত বা তর্পনকারীদের মুখে যথাসম্ভব মাস্ক ব্যবহার করার পরামর্শ দিচ্ছে পুলিশ। মহালয়ার ভোরে গঙ্গার ঘাটগুলিতে আসা হাজার হাজার পূণ্যার্থী যাতে নিরাপদে ও সুরক্ষার সঙ্গে তর্পন করতে পারেন তার জন্য সামগ্রিক



আয়োজন সম্পূর্ণ করতে নির্দেশ দিয়েছে প্রশাসন। একইসঙ্গে জলে দুর্ঘটনা ঘটলে ডিজাস্টার ম্যানেজমেঃট ও ডুবুরি টিমের ব্যবস্থা রাখার প্রস্তুতি সম্পূর্ণ করা হয়েছে।

**RDB RASAYANS LIMITED**
CIN-L36999WB1995PLC074860
Regd.Office:Bikaner Building,
8/1,Lal Bazar Street,Kolkata-700001
Ph No (033) 44500500, Fax No 91-33-2242 0588
E-mail:info@rdbindia.com,Website:www.rdbgroup.in

**EXTRACT OF UN-AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2020** (Rs. in Lakhs)

| Sl No | Particulars | Quarter ended June 30, 2020 | Year to Date Figures June 30,2020 | Corresponding Quarter ended June 30,2019 |
|---|---|---|---|---|
| | | Unaudited | Unaudited | Unaudited |
| 1 | Total Income from Operations (Net) | 1,510.16 | 1,510.16 | 2,586.17 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items) | 467.95 | 467.95 | 431.25 |
| 3 | Net Profit / (Loss) for the period before Tax (after Exceptional and/or Extraordinary items) | 467.95 | 467.95 | 431.25 |
| 4 | Net Profit / (Loss) for the period after Tax (after Exceptional and /or Extraordinary items) | 359.75 | 359.75 | 305.17 |
| 5 | Total Comprehensive Income/ (Loss) for the period[Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 359.75 | 359.75 | 305.17 |
| 6 | Equity Share Capital (Face Value of Rs.10/- each) | 1,771.48 | 1,771.48 | 1,771.48 |
| 7 | Reserves(excluding Revaluation Reserve as shown in the Balance Sheet of previous year) | - | - | - |
| 8 | Earnings Per Share (of Rs. 10/- each) Basic: | 2.03 | 2.03 | 1.72 |
| | Diluted: | 2.03 | 2.03 | 1.72 |

Note:
1. The above is an extract of the detailed format of Quarterly/Annual Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly/ Annual Financial Results are available on the website of BSE Limited at www.bseindia.com and on the Company's website at www.rdbgroup.in
2. The above unaudited results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their meeting held on 14th September, 2020.

For RDB RASAYANS LIMITED
Sd/-Sandeep Baid
Whole Time Director
DIN:00557018

Place: Kolkata.
Date:14.09.2020

**RDB REALTY & INFRASTRUCTURE LIMITED**
Regd.Office:Bikaner Building,8/1 Lal Bazar Street,1st Floor,Room No.10, Kolkata–700 001 ,Phone:033-44500500;Fax: 033-22420588;
Email i.d:secretarial@rdbindia.com;Website:www.rdbindia.com
CIN: L16003WB2006PLC110039

**Extract of Un-audited Financial Results for the Quarter ended 30th June, 2020** (₹ in Lakhs)

| Particulars | STANDALONE | | | CONSOLIATED | | |
|---|---|---|---|---|---|---|
| | Quarter Ended 30.06.20 | Quarter Ended 30.06.19 | Year Ended 31.03.20 | Quarter Ended 30.06.20 | Quarter Ended 30.06.19 | Year Ended 31.03.20 |
| | Unaudited | Unaudited | Audited | Unaudited | Unaudited | Audited |
| Total income from operations | 446.46 | 1,519.75 | 3913.23 | 577.56 | 1,565.48 | 4,516.05 |
| Net Profit / (Loss) for the period (before Tax,Exceptional and/or Extraordinary items) | 25.48 | 35.95 | 274.61 | 125.82 | 139.86 | 776.59 |
| Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items) | 25.48 | 35.95 | 274.61 | 125.82 | 139.86 | 776.59 |
| Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | 18.48 | 26.60 | 211.35 | 91.93 | 100.93 | 588.60 |
| Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 18.48 | 26.60 | 117.74 | 91.93 | 100.93 | 500.86 |
| Equity Share Capital | 1,728.34 | 1728.34 | 1728.34 | 1,728.34 | 1728.34 | 1728.34 |
| Earnings Per Share (of 10/- each) (for continuing and discontinued operations) Basic: | 0.11 | 0.15 | 1.22 | 0.53 | 0.58 | 3.28 |
| Diluted: | 0.11 | 0.15 | 1.22 | 0.53 | 0.58 | 3.28 |

Note :
1. The above is an extract of the detailed format of Quarterly/Annual Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly/Annual Financial Results are available on the website of the Stock Exchange(s) where the Company is listed, and on the company's website (www.rdbindia.com)
2. The above un-audited financial results (both Standalone and Consolidated) have been duly reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meetings held on 14th September, 2020

FOR AND ON BEHALF OF THE BOARD
sd/-
Pradeep Kumar Pugalia
Whole-Time Director
DIN:00501351

Place: Kolkata
Date: 14.09.2020

**দি রামেশ্বরা জুট মিলস্ লিমিটেড**
সিনঃএল১৭১১৯ ডব্লুবি১৯৩৫ পিএলসিও৪৬১১১
রেজিঃ অফিস ঃ ৯।১ আর এন মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১
টেলিফোন নম্বর-০৩৩-২২৬২ ৪৪১৩ (এক্সটেনশন ৮৬০)
ই-মেল-rjm.ho@rjm.co.in website ;www.ramshwarajute.com

**সংক্ষিপ্ত স্বতন্ত্র এবং একত্রীকরণ নিরীক্ষিত আর্থিক ফলাফল ত্রৈমাসিক এবং বছর সমাপ্তে ৩০.০৬.২০২০ বোর্ডের ডাইরেক্টরদের দ্বারা পরিক্ষিত ১৪.০৯.২০২০**

(টাকা ঃ লক্ষে)

| এস এল নং | বিবরণী | তিনমাসশেষে | আগেরতিনমাসশেষে | আগের বছরের সম সাময়িক তিন মাস শেষে | বছর থেকে তারিখের নিরিখে সময় সিমাশেষে |
|---|---|---|---|---|---|
| | | ৩০.০৬.২০২০ | ৩১.০৩.২০২০ | ৩০.০৬.২০১৯ | ৩১.০৩.২০২০ |
| | | (অনিরিক্ষিত) | (নিরিক্ষিত) | (অনিরিক্ষিত) | (নিরিক্ষিত) |
| ১ | মোটআয়কারবারথেকে (নিট) | ২২.১০ | ৩৬৭১.৭৭ | ৫৯০৭.৪৩ | ১৫৯৭৮.৩৪ |
| ২ | মোটলাভ(ক্ষতি) মেয়াদকরেরপূর্বে, অতিরিক্তএবং অথবাঅসাধারণআইটেমে | (১১৪.২১) | ৩৭৮.৯১ | ২১২৭.০৮ | ৩,৯৪৮.১৭ |
| ৩ | মোটলাভ(ক্ষতি) মেয়াদকরেরপূর্বে (অতিরিক্তএবং অথবাঅসাধারণআইটেমপর) | (১১৪.২১) | ৩৭৮.৯১ | ২১২৭.০৮ | ৩,৯৪৮.১৭ |
| ৪ | মোট লাভ ক্ষতি মেয়াদকরেরপর (অতিরিক্তএবং অথবাঅসাধারণআইটেমপর) | (১১৪.২১) | ৮২৮.৮২ | ২,০৫৩.৯২ | ৪১৭৯.০৩ |
| ৫ | মোটব্যাপকআয়মেয়াদে(সংযুক্তলাভএবংক্ষতিমেয়াদ (করেরপর)এবংঅন্যান্যব্যাপকআয় (করেরপর) | (৪৬.৩৬) | ৩৭৯.৯১ | ২০২৮.৬৯ | ৪১২৫.৯৯ |
| ৬ | প্রদেয়ইকুইটিশেয়ারমূলধন | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ | ২৬.৬১ |
| ৭ | অন্যান্যইকুইটিরেভালিউশানরিসার্ভছাড়া | - | | | ৫৭১৮.২৮ |
| ৮ | বেসিকএবংডাইলুটেডআয়প্রতিশেয়ার(মূল্য ১০ টাকা) | | | | |
| | ১. বেসিক | (১৭.৪২) | ৩১১.৪৭ | ৭৭১.৮৬ | ১৫৭০.৭৩ |
| | ২. ডাইলুটেড | (১৭.৪২) | ৩১১.৪৭ | ৭৭১.৮৬ | ১৫৭০.৭৩ |

নোটঃ
ক. উপরেরআর্থিকফলাফলগুলিঅডিটকমিটিদ্বারাপরিক্ষিতএবংডাইরেক্টরেরবোর্ডদ্বারাঅনুমোদিতআর্থিকফলাফলেরফরম্যাটস্টকএক্সচেঞ্জেররেগুলেশান ৩৩ এরসেবিরেগুলেশান, ২০১৫ অনুসারে। পুর্নবিবরণপাওযাবেকলকাতাস্টকএক্সচেঞ্জেরওয়েবসাইটেwww.cseindia.comঅথবাকম্পানিরওয়েবসাইট httprameshwarajute.comquarterlyresults.php
খ. কোনওঅতিরিক্তিঅথবাঅধিকঅর্থেরসংযুক্তিকরণহয়নিএইঅনিরিক্ষিতআরথিকফলাফলেরত্রৈমাসিকশেষে ৩০.০৬.২০২০ এ এসরুলঅনুজাই।

বোর্ডএর আদেশানুসারে দারামেশ্বারা জুট মিলস লিমিটেড
স্বাক্ষর
আর.পি পান্সারি
চেয়ারম্যান

স্থান- কলকাতা,
তারিখঃ১৪.০৯.২০২০